**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা।**

# সংবাদ গতিধারা

## ঢাকা, রোববার ৭ ফেব্রুয়ারি ২০১৬, ২৫ মাঘ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রকল্পে অর্থ অপচয় বন্ধ করে সেবার মান বাড়ান : প্রকৌশলীদের প্রতি প্রধানমন্ত্রী

২। বিশ্ববিদ্যালয়গুলোকে গবেষণার ক্ষেত্রে পরিণত করার আহ্বান রাষ্ট্রপতির

৩। পোশাক শিল্প খাত এখন ঘুরে দাঁড়াতে শুরু করেছে : বাণিজ্যমন্ত্রী

৪। শিক্ষার্থীরা নতুন প্রজন্মের নির্মাতা : শিক্ষামন্ত্রী

৫। জলবায়ু পরিবর্তনের প্রভাবে ক্ষতির পরিমাণ মরক্কো জলবায়ু সম্মেলনে তুলে ধরার তাগিদ

৬। জাসদ পুরনো দল, সংগ্রামী দল : তথ্যমন্ত্রী

৭। দেশের ঐতিহ্য ও পুরাকীর্তি রক্ষায় সরকার কাজ করছে : সংস্কৃতিমন্ত্রী

৮। শিশু আবদুল্লাহ হত্যা মামলা দ্রুত বিচার ট্রাইব্যুনালে হবে : শিশু বিষয়ক প্রতিমন্ত্রী

৯। কোনো সদস্যের অপরাধের দায় পুরো পুলিশবাহিনী নেবে না : আইজিপি

১০। শিশুদের মাদক থেকে রক্ষায় চাই পরিবার ও সমাজের ভূমিকা

১১। ২০৫০ সাল নাগাদ আড়াই কোটি মেট্রিক টন চাল উদ্বৃত্ত হবে
: ধান গবেষণা ইনস্টিটিউটের বিজ্ঞানীদের আশাবাদ

১২। মালয়েশিয়া ২০ লাখ অবৈধ বিদেশি কর্মীকে বৈধতা দেবে

১৩। উয়ারী-বটেশ্বরের কাছে প্রত্ন জাদুঘর হচ্ছে

চলমান পাতা/২

**১। প্রকল্পে অর্থ অপচয় বন্ধ করে সেবার মান বাড়ান : প্রকৌশলীদের প্রতি প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে প্রকৌশলীদের আরো মনোযোগী হওয়ার পরামর্শ দিয়ে বলেছেন, আমরা প্রবৃদ্ধি ৭ শতাংশে উন্নীত করতে চাই। এজন্য যেসব প্রকল্প চলমান রয়েছে সেগুলো দ্রুত সম্পন্ন করতে হবে। একই সঙ্গে দেশের সব উপজেলাকে সমান গুরুত্ব দিয়ে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, প্রধানমন্ত্রীর এলাকায় কোনো কাজ বেশি বেশি করার কিংবা সব কিছু দিতে হবে এ ধরনের মানসিকতা পরিহার করতে হবে। পাশাপাশি প্রকল্প নেওয়ার সময় অর্থ অপচয় বন্ধ করে সেবার মান বাড়ানোর উপর গুরুত্ব দেন তিনি। গতকাল ৬ ফেব্রুয়ারি শনিবার রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশের (আইইবি) ৫৬তম কনভেনশনে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **প্রথম আলো** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ডেইলি সান** (শেষ পৃ.ক.২), **ডেইলি অবজারভার, নিউজ টুডে, বাংলাদেশ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**২। বিশ্ববিদ্যালয়গুলোকে গবেষণার ক্ষেত্রে পরিণত করার আহ্বান রাষ্ট্রপতির**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর প্রতি দেশ ও জাতির কাছে দায়বদ্ধ থেকে তাদের ক্যাম্পাসগুলোকে জ্ঞানচর্চা ও গবেষণার পরিপূর্ণ ক্ষেত্রে পরিণত করার আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি গতকাল ৬ ফেব্রুয়ারি শনিবার রাজধানীতে সাউথইস্ট ইউনিভার্সিটির ৫ম সমাবর্তন অনুষ্ঠানে বলেন, শিক্ষা, বিজ্ঞান, ও আইসিটিতে আলোকিত একটি তরুণ প্রজন্মই কেবল জাতিকে উন্নয়নের শিখরে নিয়ে যেতে পারে। তিনি বলেন, শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার মান নিশ্চিত করতে একটি 'অ্যাক্রিডিটেশন কাউন্সিল' গঠনে যৌথভাবে কাজ করে যাচ্ছে যা দেশের উচ্চশিক্ষার মান নিশ্চিত করার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ। সূত্র-**যুগান্তর** (পৃ.২ ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**৩। পোশাক শিল্প খাত এখন ঘুরে দাঁড়াতে শুরু করেছে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, রানা প্লাজা ও তাজরীন গার্মেন্টস ট্র্যাজেডির পর তৈরি পোশাক শিল্প খাতে যে ক্ষত তৈরি হয়েছে, তা থেকে ঘুরে দাঁড়াতে সরকার সাত বছর মেয়াদী বিভিন্ন কর্মসূচি প্রণয়ন করেছে। এ খাত এখন ঘুরে দাঁড়াতে শুরু করেছে। দেশেই আন্তর্জাতিক মানের কারখানা তৈরি হচ্ছে। নিজেদের টিকে থাকতে ও বিশ্বের বুকে মাথা উঁচু করে দাঁড়াতে সবাই এখন পরিবেশবান্ধব কারখানার দিকে ঝুঁকছে। গতকাল ৬ ফেব্রুয়ারি শনিবার ধামরাই থানাধীন বালিথায় একেএইচ গ্রুপের একটি তৈরি পোশাক কারখানার উদ্বোধন করতে এসে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **সমকাল** (পৃ.১২,ক.১)।

**৪। শিক্ষার্থীরা নতুন প্রজন্মের নির্মাতা : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষার্থীরা নতুন প্রজন্মের নির্মাতা। গুণগত শিক্ষা অর্জনের মাধ্যমে বাংলাদেশকে সমৃদ্ধশালী দেশ হিসেবে গড়ে তুলতে শিক্ষার্থীরাই অগ্রণী ভূমিকা রাখবে। বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক শিক্ষা অর্জন করে দেশকে অর্থনৈতিকভাবে সমৃদ্ধশালী করবে। এসব অর্জনই স্বাধীনতার মূল লক্ষ্য। মন্ত্রী গতকাল ৬ ফেব্রুয়ারি শনিবার কচুয়া উপজেলার হাসিমপুর ড. মনসুর উদ্দীন মহিলা কলেজের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৪,ক.২), **সমকাল** (পৃ.৪,ক.৬)।

**৫। জলবায়ু পরিবর্তনের প্রভাবে ক্ষতির পরিমাণ মরক্কো জলবায়ু সম্মেলনে তুলে ধরার তাগিদ**

জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলা বিষয়ক কর্মশালায় বিশেষজ্ঞরা বলেছেন, গত ১৭ বছরে দেশে আঘাত হানা পাঁচটি বড় দুর্যোগে আর্থিক ক্ষতি বাংলাদেশের জিডিপির ১৫ শতাংশ। এর জন্য দায়ী ধনী দেশগুলোর কাছ থেকে ক্ষতিপূরণ আদায়ে প্রস্তুতি দরকার। হিসাব তৈরি করে আগামী ডিসেম্বরে মরক্কো বিশ্ব জলবায়ু সম্মেলনে তুলে ধরতে হবে। গতকাল ৬ ফেব্রুয়ারি শনিবার ঢাকার একটি হোটেলে 'বাংলাদেশের প্রেক্ষাপটে জলবায়ু পরিবর্তনের প্রভাবে ক্ষয়ক্ষতি মোকাবিলায় ওয়ারশ আন্তর্জাতিক পদ্ধতি-বিষয়ক কর্মশালা'র উদ্বোধন অনুষ্ঠানে বক্তারা এ কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেন, জলবায়ু পরিবর্তনের কারণে আগামী বছরগুলোতে দুর্যোগের পরিমাণ বাড়তে পারে। তাই দুর্যোগ মোকাবিলায় সরকারি- বেসরকারি উন্নয়ন সংস্থা ও গবেষক সবাইকে নিয়ে একসঙ্গে কাজ করতে হবে। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **যুগান্তর** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

**৬। জাসদ পুরনো দল, সংগ্রামী দল : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ও জাসদ সভাপতি হাসানুল হক ইনু বলেছেন, জাসদ পুরনো দল, সংগ্রামী দল। বাংলাদেশের স্বাধীনতার পর রাজনৈতিক উত্থান-পতনের সঙ্গে জাসদ জড়িয়ে আছে। জাসদকে বাদ দিয়ে কেউ ক্ষমতায় যেতে পারবে না, কেউ ক্ষমতায় থাকতেও পারবে না। গতকাল ৬ ফেব্রুয়ারি শনিবার বগুড়ায় জেলা জাসদের সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতায় তথ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫)।

**৭। দেশের ঐতিহ্য ও পুরাকীর্তি রক্ষায় সরকার কাজ করছে : সংস্কৃতিমন্ত্রী**

সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর বলেছেন, আমাদের দেশের সকল ঐতিহ্য ও স্থাপনাগুলো সংরক্ষণের জন্য সংস্কৃতি মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। এ সকল ঐতিহ্য ও স্থাপনা সংরক্ষণের জন্য মন্ত্রণালয়ের অর্থায়নের পাশাপাশি বিদেশ থেকে আর্থিক সহায়তা নেওয়া হচ্ছে। সোনারগাঁয়ের পানাম নগরী ও বড় সর্দারবাড়ি পর্যটকদের জন্য একটি আকর্ষণীয় স্থান। গতকাল ৬ ফেব্রুয়ারি শনিবার সোনারগাঁয়ে অবস্থিত বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের বড় সর্দারবাড়ির সংরক্ষণ কাজ পরিদর্শনে এসে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ., ক.৩), **প্রথম আলো**

(পৃ.৫,ক.৬), **নিউজ টুডে** (পৃ.২,ক.৮)।

**৮। শিশু আবদুল্লাহ হত্যা মামলা দ্রুত বিচার ট্রাইব্যুনালে হবে : শিশু বিষয়ক প্রতিমন্ত্রী**

দ্রুত বিচার ট্রাইব্যুনালে সম্পন্ন হবে শিশু আবদুল্লাহ হত্যা মামলা। গতকাল ৬ ফেব্রুয়ারি শনিবার কেরানীগঞ্জে মুগারচরে প্রতিবেশীর হাতে নির্মমভাবে খুন হওয়া শিশু আবদুল্লাহর বাবা-মায়ের সঙ্গে দেখা করার পর উপস্থিত সাংবাদিকদের এ কথা বলেন মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি। এ সময় প্রতিমন্ত্রী বলেন, শিশুদের উপর কোনো নির্যাতন সরকার বরদাস্ত করবে না। শিশু নির্যাতনের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **যুগান্তর** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৮), **ডেইলি অবজারভার** (পৃ.৩,ক.১)।

**৯। কোনো সদস্যের অপরাধের দায় পুরো পুলিশবাহিনী নেবে না : আইজিপি**

পুলিশের মহাপরিদর্শক একেএম শহীদুল হক বলেছেন, কোনো সদস্যের ব্যক্তিগত অপরাধের দায় পুরো পুলিশ বাহিনীর ওপর বর্তাবে না। যেসব পুলিশ সদস্য অপরাধ করছে তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। অপরাধ প্রমাণিত হলে শাস্তি দেওয়া হচ্ছে। গতকাল ৬ ফেব্রুয়ারি শনিবার সিলেট জেলা পরিষদ মিলনায়তনে 'হিউম্যান রাইটস অ্যান্ড পিস ফর বাংলাদেশের (এইচআরপিবি) উদ্যোগে 'প্রবাসীদের অধিকার নিশ্চিত করার ক্ষেত্রে প্রশাসনের ভূমিকা' শীর্ষক সেমিনারে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **যায়যায়দিন** (শেষ পৃ.ক.৩), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১)।

**১০। শিশুদের মাদক থেকে রক্ষায় চাই পরিবার ও সমাজের ভূমিকা**

যেসব শিশুর অভিভাবক নেই, খোলা আকাশের নীচে ঘুমায়, মূলত সেইসব সুবিধাবঞ্চিত শিশুরাই বেশি মাদকাসক্ত হয়ে থাকে। মাদকাসক্ত শিশুদের মাদক থেকে দূরে রাখতে প্রধান ভূমিকা রাখতে হবে পরিবার ও সমাজকে। আর যারা মাদকাসক্ত হয়ে গেছে, তাদের সুচিকিৎসা, কাউন্সেলিং ও পুনর্বাসনের আওতায় আনতে হবে। গতকাল ৬ ফেব্রুয়ারি শনিবার ধানমন্ডির ঢাকা আহছানিয়া মিশনের কনফারেন্স রুমে 'শিশু মাদকাসক্তি নিরসনে করণীয়' শীর্ষক সেমিনারে বক্তারা এসব কথা বলেন। সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সচিব নাছিমা বেগম। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **প্রথম আলো** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৪,ক.১)।

**১১। ২০৫০ সাল নাগাদ আড়াই কোটি মেট্রিক টন চাল উদ্বৃত্ত হবে**
**: ধান গবেষণা ইনস্টিটিউটের বিজ্ঞানীদের আশাবাদ**

২০৫০ সালে দেশের বর্ধিত জনসংখ্যার খাদ্যের চাহিদা পূরণের জন্য চালের প্রয়োজন হবে ৪ কোটি ৪৬ লাখ মেট্রিক টন। আর গত পাঁচ বছরের চালের উৎপাদন বৃদ্ধির হার অব্যাহত থাকলে ২০৫০ সালে দেশে ২ কোটি ৬০ লাখ মেট্রিক টন চাল উদ্বৃত্ত থাকবে। গতকাল ৬ ফেব্রুয়ারি শনিবার গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) মিলনায়তনে '২৪তম ধান গবেষণা ও সম্প্রসারণ কর্মশালা এবং ব্রি-বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা ২০১৪-১৫' উদ্বোধন অনুষ্ঠানে বিজ্ঞানী ও বিশেষজ্ঞরা এ আশাবাদ ব্যক্ত করেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৫,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.৫), **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৭)।

**১২। মালয়েশিয়া ২০ লাখ অবৈধ বিদেশি কর্মীকে বৈধতা দেবে**

মালয়েশিয়ায় কর্মরত ২০ লাখ অবৈধ বিদেশি কর্মীকে বৈধতা দেবে দেশটি। এ লক্ষ্যে আগামী **১৫** ফেব্রুয়ারি থেকে অবৈধ বিদেশি কর্মীদের ওয়ার্ক পারমিট দেওয়া শুরু করবে মালয়েশিয়া। গত ৫ ফেব্রুয়ারি শুক্রবার মালয়েশিয়ার উপ-প্রধানমন্ত্রী আহমেদ জাহিদ হামিদি দেশটির প্রশাসনিক রাজধানী পুত্রাজায়ায় নিজ মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.২), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (পৃ.৩,ক.৬) **নিউ নেশন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১৩। উয়ারী-বটেশ্বরের কাছে প্রত্ন জাদুঘর হচ্ছে**

নরসিংদীর উয়ারী-বটেশ্বরের ধুপিরটেকে আবিস্কৃত বৌদ্ধ পদ্ম মন্দিরের প্রত্নতাত্ত্বিক সংরক্ষণে স্থাপন করা হচ্ছে প্রত্ন জাদুঘর। গতকাল ৬ ফেব্রুয়ারি শনিবার শিবপুর উপজেলার ধুপিরটেক সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে আনুষ্ঠানিকভাবে জাদুঘর ভবনের নির্মাণ কাজের উদ্বোধন করা হয়। এটিই হবে বেসরকারি উদ্যোগে স্থাপন করা দেশের প্রথম প্রত্ন জাদুঘর। সূত্র- **সমকাল** (পৃ.৫,ক.৬), **প্রথম আলো** (পৃ.৩,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **প্রথম আলো, নিউজ টুডে :** রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ সংবাদপত্রের বিরুদ্ধে যেকোনো আক্রমণ গণতন্ত্রের জন্যও মারাত্মক হুমকি বলে যে মন্তব্য করেছেন তাতে একমত প্রকাশ করে গণতন্ত্রের স্বার্থেই সংবাদপত্রের স্বাধীনতা সুরক্ষার সুপারিশ।

খ. **ইত্তেফাক :** রাজধানীতে সরকার নির্ধারিত ভাড়ায় অটোরিকশা না চালিয়ে, মিটার ব্যবহার না করে, অতিরিক্ত ভাড়া দাবি করা এবং যাত্রীর ইচ্ছানুযায়ী না যেতে চাওয়ায় হয়রানির শিকার হওয়া যাত্রীদের অভিযোগ আমলে নিয়ে সিএনজি চালকদের এসব স্বেচ্ছাচারিতা রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

গ. **জনকণ্ঠ, ডেইলি স্টার :** রাজধানীর ফুটপাতের একজন চা দোকানি চাঁদা না পেয়ে পুলিশ সদস্যের লাথির আঘাতে জ্বলন্ত চুলায় দগ্ধ হয়ে মৃত্যুর ঘটনা মর্মান্তিক উল্লেখ করে এ ঘটনার জন্য দায়ী পুলিশ সদস্যদের দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করলে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধে তা কার্যকর হবে বলে মত প্রকাশ।

ঘ. **সংবাদ :** পাঁচটি নতুন চ্যানেল স্থাপনের জন্য বাংলাদেশ টেলিভিশনের উদ্যোগ নেওয়ার কথা উল্লেখ করে

ধারাবাহিকভাবে দর্শক আর আয় কমতে থাকা বিটিভির নতুন চ্যানেল প্রতিষ্ঠার ব্যাপারে বিবেচনার সুপারিশ।

ঙ. **ইনকিলাব :** হযরত শাহজালাল (রহ.) আন্তর্জাতিক বিমানবন্দরের নোংরা ময়লা আবর্জনাময় পরিবেশে মশার উপদ্রব মারাত্মক বৃদ্ধি পাওয়ার যাত্রীদের অভিযোগ আমলে নিয়ে এর সার্বিক পরিবেশ উন্নত ও আন্তর্জাতিকমানের করার ওপর গুরুত্বারোপ।

চ. **ডেইলি স্টার :** রেলওয়ের সিলেট-কুলাউড়া-আখাউড়া রুটে ২৫০টি বড়-ছোট ব্রিজের অধিকাংশ ৭০ বছরের পুরনো হয়ে ঝুঁকিপূর্ণ হয়ে পড়ায় জরুরি ভিত্তিতে নষ্ট ব্রিজগুলো দ্রুত মেরামত করার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বিশ্ব ব্যাংকের অর্থায়নে ছয় মাসব্যাপী ১০ হাজার যুবককে আউটসোর্সিং-এ ট্রেনিংয়ের মাধ্যমে আরো দক্ষ করে তোলার সরকারি উদ্যোগের সফল বাস্তবায়নের প্রত্যাশা।

জ. **ডেইলি সান :** প্রাণঘাতি, ভেজাল ও নিম্নমানের ওষুধের বিস্তারে আশঙ্কা প্রকাশ করে ওষুধ প্রশাসনকে এ ধরনের তৎপরতা বন্ধে কঠোর আইনি পদক্ষেপ গ্রহণের আহ্বান।

ঝ. **ডেইলি অবজারভার, ভোরের কাগজ :** প্রধানমন্ত্রী অসুস্থ হয়ে পড়লে দেশেই চিকিৎসা করানোর বিষয়ে যে মনোভাব প্রকাশ করেছেন তাকে দেশের ক্ষমতাবান-বিত্তবান শ্রেণির জন্য অনুকরণীয় বিষয় বলে মন্তব্য করে দেশেই উন্নত চিকিৎসা সেবা নিশ্চিত করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে শত বছরের প্রাচীন ধারার শিক্ষা শিশুদের ওপর চাপিয়ে না দিয়ে ডিজিটাল পদ্ধতিতে শিশুদের শিক্ষা দিতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'সুবিধাবঞ্চিত শিশুদের আর্থসামাজিক উন্নয়ন ও টেকসই উন্নয়ন'** শিরোনামের নিবন্ধে এনএসএম মোজাম্মেল হক সুবিধাবঞ্চিত শিশুদের বিষয়ে ব্যাপক সচেতনতা সৃষ্টি করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/সাঈদা/বিপু/২০১৬/৯.০০ ঘণ্টা